

বাংলাদেশ পর্যটন করপোরেশন  
বাণিজ্যিক বিভাগ, প্রধান কার্যালয়  
৮৩-৮৮ মহাখালী বা/এ, ঢাকা-১২১৫।

স্মারক নং-৩০.০৩২.০৩৬.৫২.২৮.৩৬০.২০১৯/৮৮

তারিখঃ ২৪.০৪.২০১৯

বিষয় : মে/২০১৯ মাসের ১ম সপ্তাহের মধ্যে সেবাসপ্তাহ চালুকরণ।


সূত্র : বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়-এর স্মারক নং-৩০.০০.০০০০.০১০.০৬.০০২.১৯.১২৬ ; তারিখ : ০৯.০৪.২০১৯।

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ পত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, আগামী ৩০/এপ্রিল -০৬/ মে ২০১৯ পর্যন্ত সেবা সপ্তাহ পালনের প্রস্তুতি হিসেবে অদ্য ১৮.০৪.২০১৯ তারিখে বাংলাদেশ পর্যটন করপোরেশনের প্রধান কার্যালয়ে চেয়ারম্যান মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় নিম্নোক্ত কর্মসূচী পালনের সিদ্ধান্ত গৃহীত হয়। সে প্রেক্ষিতে সংশ্লিষ্ট ব্যবস্থাপক/ইউনিট ব্যবস্থাপকগণকে যথাযথভাবে কর্মসূচী বাস্তবায়ন করে অগ্রাফিসকে অবহিত করার জন্য অনুরোধ জানানো হলো।

ক্রমঃ	কর্মসূচী	মন্তব্য
০১	আগামী ৩০/এপ্রিল -০৬/ মে ২০১৯ পর্যন্ত সেবা সপ্তাহ উদযাপন উপলক্ষ্যে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।	সকল বাণিজ্যিক ইউনিট
০২	পর্যটন প্রচার ও সেবা সপ্তাহ উদযাপন উপলক্ষ্যে বহুল প্রচারের জন্য সংস্থার জনসংযোগ বিভাগ থেকে জাতীয় দৈনিক ও ইলেক্ট্রনিক মিডিয়ায় প্রেস রিলিজ প্রেরণ করবে।	জনসংযোগ বিভাগ
০৩	সেবা সপ্তাহ উদযাপন উপলক্ষ্যে একটি Common স্লোগান/টি্যাগ লাইন নির্ধারণ এবং বাংলাদেশ পর্যটন করপোরেশন (বাপক) এর সকল ইউনিটে প্রদর্শনের জন্য প্রস্তুতযোগ্য ব্যানারের কনটেন্ট ও ডিজাইন প্রস্তুত করা হয়েছে।	সকল বাণিজ্যিক ইউনিট “পর্যটনের গর্বিত অতিথি হউন, দেশ সেবায় অবদান রাখুন।”
০৪	“ম্যানেজার’স ডে” উদযাপন।	সকল ইউনিট ব্যবস্থাপকগণ স্ব স্ব ইউনিটে আগত অতিথিদের ওয়েলকাম ড্রিংকস দিয়ে স্বাগত জানাবে।
০৫	পর্যটন প্রচার ও সেবা সপ্তাহ উপলক্ষে কক্সবাজার ও কুয়াকাটা সমুদ্র সৈকতে বীচ ক্লিনিং কর্মসূচী আয়োজন।	স্থানীয়ভাবে বীচ ম্যানেজমেন্ট কমিটিকে সম্পৃক্ত করে ব্যবস্থাপক, হোটেল শৈবাল ও হলিডে হোমস, কুয়াকাটা এ বিষয়ে কার্যক্রম গ্রহণ করবে।
০৬	সেবা সপ্তাহ উপলক্ষ্যে বাপক পরিচালিত সকল হোটেল ও মোটেলে আবাসিক কক্ষ ভাড়া ৩০% বিশেষ রেয়াত প্রদান।	সকল বাণিজ্যিক ইউনিট
০৭	বাপক পরিচালিত সকল হোটেল, মোটেল ও রেস্টোরাঁতে আগত অতিথিদের জন্য বিদ্যমান ফুড মেন্যুতে কমপক্ষে ১টি স্থানীয় খাদ্য (Local Food) আইটেম অন্তর্ভুক্তকরণ।	সকল বাণিজ্যিক ইউনিট
০৮	বাপক পরিচালিত সকল হোটেল ও মোটেলে অবস্থানরত অতিথিদের জন্য বিদ্যমান ব্রেক-ফাস্ট মেন্যুতে ১টি বিশেষ ফুড আইটেম অন্তর্ভুক্তকরণ।	সকল বাণিজ্যিক ইউনিট
০৯	ঢাকা-চট্টগ্রাম-ঢাকাগামী সোনার বাংলা ট্রেনে বাপক কর্তৃক সরবরাহকৃত স্ন্যাক্স মেন্যুতে ১টি বিশেষ আইটেম (সুস্বাদু সন্দেশ/লাডু) অন্তর্ভুক্তকরণ	ব্যবস্থাপক হোটেল অবকাশ, ঢাকা এবং ইউনিট ব্যবস্থাপক হোটেল সৈকত, চট্টগ্রাম
১০	ঢাকা-চট্টগ্রাম-ঢাকাগামী সোনার বাংলা ট্রেনে বাপক কর্তৃক সরবরাহকৃত স্ন্যাক্সের প্যাকেটের সাথে ১টি করে রজনীগন্ধা ফুলের স্টিক/ চকলেট দিয়ে স্বাগত জানানো।	ব্যবস্থাপক হোটেল অবকাশ, ঢাকা এবং ইউনিট ব্যবস্থাপক হোটেল সৈকত, চট্টগ্রাম
১১	ঢাকা-চট্টগ্রাম-ঢাকাগামী সোনার বাংলা ট্রেনে বাপক কর্তৃক পরিচালিত ক্যাটারিং সার্ভিসে নিয়োজিত কর্মকর্তা/কর্মচারীদের পরিপাটি পোশাক ও বিশেষ ব্যাজ পরিধান	ব্যবস্থাপক হোটেল অবকাশ, ঢাকা এবং ইউনিট ব্যবস্থাপক হোটেল সৈকত, চট্টগ্রাম।
১২	ঢাকা-চট্টগ্রাম-ঢাকাগামী সোনার বাংলা ট্রেনে পর্যটন প্রচার ও সেবা সপ্তাহ উপলক্ষ্যে যাত্রীদের মাঝে পর্যটন প্রচারণা সামগ্রী যেমন, ব্রোশিওর, লিফলেট, ম্যাপ ও পোস্টার বিতরণ	ব্যবস্থাপক (জনসংযোগ), প্রধান কার্যালয়, ঢাকা, ব্যবস্থাপক হোটেল অবকাশ, ঢাকা এবং ইউনিট ব্যবস্থাপক হোটেল সৈকত, চট্টগ্রাম।

১৩	ঢাকা, চট্টগ্রাম ও সিলেট আন্তর্জাতিক বিমানবন্দরে অবস্থিত বাপক এর সকল ডিউটি ফ্রি শপে আগত দেশী ও বিদেশী সকল ক্রেতাদের রজনীগন্ধা ফুলের স্টিক দিয়ে স্বাগত জানানো	মহা-ব্যবস্থাপক (ডি এফ ও) কার্যক্রমটি তদারকি করবেন।
১৪	পর্যটন সেবা সপ্তাহ পালন উপলক্ষ্যে পর্যটন হোটেল অবকাশ এ শ্লোগান সম্বলিত ব্যানার টাঙ্গানো।	ব্যবস্থাপক (হোটেল অবকাশ ও জনসংযোগ)।

বিষয়টি জরুরী।

  
28.8.17  
ইশরাত জামান  
মহাব্যবস্থাপক (বাণিজ্যিক)  
ফোনঃ ৯৮৮০১৩৪

ব্যবস্থাপক/ ইউনিট ব্যবস্থাপক

-----  
-----  
-----

অবগতি ও কার্যার্থে অনুলিপি :

- ১। মহাব্যবস্থাপক (বাণিজ্যিক/প্রশাসন ও অর্থ/ডিএফও/পরিকল্পনা/বিপণন/পূর্ত), বাপক, ঢাকা।
- ২। অধ্যক্ষ, এনএইচটিআই, বাপক, মহাখালী, ঢাকা।
- ৩। আবাসিক ব্যবস্থাপক, হোটেল অবকাশ, মহাখালী, ঢাকা।
- ৪। ব্যবস্থাপক (অর্থ ও হিসাব/জনসংযোগ/বাণিজ্যিক/প্রশাসন/আইসিটি), বাপক, ঢাকা।
- ৫। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, বাপক, ঢাকা-চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য।
- ৬। ব্যক্তিগত কর্মকর্তা, পরিচালক (অর্থ ও প্রশাসন/ বাণিঃ/ পরিকল্পনা) বাপক, ঢাকা-পরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য।
- ৭। সংশ্লিষ্ট নথি।